যুগান্তর
প্রিন্ট: ২৫ সেপ্টেম্বর ২০২৫, ১১:১৯ এএম

সারাদেশ

# শিক্ষার্থীদের চাপের মুখে হাকসু নির্বাচনের রোডম্যাপ ঘোষণা

দিনাজপুর প্রতিনিধি
প্রকাশ: ২৪ সেপ্টেম্বর ২০২৫, ০৮:৫৯ পিএম



শিক্ষার্থীদের চাপের মুখে অবশেষে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (হাকসু) নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করেছে প্রশাসন।

তবে রোডম্যাপে বলা হয়েছে- মহামান্য চ্যান্সেলর কর্তৃক অনুমোদনসাপেক্ষে এ নির্বাচন অনুষ্ঠানের যাবতীয় ব্যবস্থা কর্তৃপক্ষ গ্রহণ করবে।

এর আগে হাকসু নির্বাচন আয়োজনের জন্য রোডম্যাপ ঘোষণার দাবিতে গত ২২ সেপ্টেম্বর সোমবার বিকাল থেকে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেন শিক্ষার্থীরা। এ সময় প্রশাসনের সঙ্গে দফায় দফায় আলোচনা হয় শিক্ষার্থীদের।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ ২৪ সেপ্টেম্বর বুধবার আলোচনার মাধ্যমে রোডম্যাপ ঘোষণার প্রস্তাব দিলেও শিক্ষার্থীরা তা প্রত্যাখ্যান করে।

শিক্ষার্থীরা জানান, হাকসু নির্বাচনের দাবিতে গত ২৭ জুলাই প্রশাসন ভবনের সামনে কয়েকজন শিক্ষার্থী অনশন শুরু করেন। পরে গভীর রাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্বাচন সংক্রান্ত কাজের জন্য ৮ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে দ্রুত নির্বাচনের আশ্বাস দিয়ে অনশন ভাঙেন শিক্ষার্থীরা; কিন্তু কমিটি গঠনের দুই মাস অতিবাহিত হলেও গঠনতন্ত্র প্রস্তুত কিংবা নির্বাচনের রোডম্যাপ ঘোষণার ব্যাপারে দৃশ্যমান কোনো কার্যক্রম তারা দেখেননি। এজন্যই তারা আন্দোলনে নেমেছেন।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফয়সাল মোস্তাক বলেন, এর আগে প্রশাসনের কাছে আমরা স্মারকলিপিও দিয়েছি; কিন্তু দেশের প্রায় সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন নিয়ে প্রশাসন সরব থাকলেও আমরা পিছিয়ে। শিক্ষার্থীরা তাদের প্রতিনিধি নির্বাচনে উন্মুখ হয়ে আছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উচিত হবে অনতিবিলম্বে হাকসু নির্বাচন দিয়ে ক্যাম্পাসের মধ্যে স্থিতিশীল ও সুন্দর পরিবেশ সৃষ্টিতে সহায়তা করা।

এদিকে শিক্ষার্থীদের এসব দাবির পরিপ্রেক্ষিতে অবশেষে হাবিপ্রবি প্রশাসন হাকসু নির্বাচন সংক্রান্ত এক অফিস আদেশ জারি করেছে।

গত ২৩ সেপ্টেম্বর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) রেজিস্ট্রার প্রফেসর মো. আবু হাসান স্বাক্ষরিত ওই অফিস আদেশে উল্লেখ করা হয়- হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী ছাত্র সংসদ সংক্রান্ত সংবিধি চ্যান্সেলর কর্তৃক অনুমোদনসাপেক্ষে আগামী ৬ নভেম্বর তারিখের মধ্যে এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠানের যাবতীয় ব্যবস্থা কর্তৃপক্ষ গ্রহণ করবে।